# জুলাই হত্যাকাণ্ডের বিচার ছাড়াই নির্বাচন ঘোষণায় সন্দেহ: ইসলামী আন্দোলন




সংগৃহীত ছবি

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমীর সৈয়দ মুহাম্মদ রেজাউল করিম বলেন, রাষ্ট্র সংস্কার ও জুলাই হত্যাকাণ্ডের বিচার না হওয়া অবস্থায় নির্বাচনের ঘোষণা উদ্বেগজনক। তিনি পিআর পদ্ধতিতে নির্বাচনের দাবি জানিয়ে প্রয়োজনে পুনরায় রাজপথে আন্দোলনের হুশিয়ারি দিয়েছেন।

মঙ্গলবার (১৯ আগস্ট) বিকেলে বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটে আয়োজিত সমাবেশে রেজাউল করিম বলেন, "শহীদ ও আহতদের রক্তের ওপর দাঁড়িয়ে বিচার এবং রাষ্ট্র সংস্কার ছাড়া নির্বাচনের কথা বলা যাবে না।"

তিনি অভিযোগ করেন, প্রধান উপদেষ্টার ঘোষণা আগেভাগেই হওয়ায় সন্দেহ তৈরি হয়েছে। একই সঙ্গে, তিনি জোর দিয়ে বলেন যে, পিআর ভিত্তিতে নির্বাচন ছাড়া ইসলামি আন্দোলন গ্রহণ করবে না।

সমাবেশ শেষে নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল করে নিজেদের দাবি পুনর্ব্যক্ত করে এবং রেজাউল করিম হুশিয়ারি দেন, প্রয়োজনে আবারও রাজপথে আন্দোলন করা হবে।

LENS ASIA